

২২ জানু

## ঢাকা ইউনিভার্সিটির আন্দোলনকারীদের খুজছে পুলিশ

ইউনিভার্সিটি রিপোর্টার

জেলবন্দি ছাত্র-শিক্ষকদের মুক্তি দাবিতে আন্দোলনকারী ঢাকা ইউনিভার্সিটির শিক্ষার্থীদের খুজছে পুলিশ। শিক্ষার্থীরা শনিবার ভিসি অফিসের সামনে মাথায় কাফনের কাপড় বেধে অবস্থান কর্মসূচি পালন করে। কর্মসূচি থেকে তারা সরকারকে ৪৮ ঘণ্টার আলটিমেটাম দেয়। রাতেই আন্দোলনরত শিক্ষার্থীদের নাম ও হল কক্ষে তাদের মোবাইলে ফোন করা হয়।

### ঢাকা ইউনিভার্সিটির

(প্রথম পৃষ্ঠার পর)

শাহবাগ থানার পুলিশ কর্মকর্তার পরিচয়ে তাদের বলা হয়, থানায় এসে দেখা করতে, না হলে গ্রেপ্তার করা হবে। সর্বশেষ হস্তক্ষেপে এসে তাদের বোঝ করা হচ্ছে বলে জানায় শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা আরো জানায়, অনেকের সামনে ইয়ার ফাইনাল পরীক্ষা। পুলিশের ভয়ে ঠিকমতো হলে থাকা হচ্ছে না; ব্যাহত হচ্ছে পড়াশোনা। অবস্থান কর্মসূচিতে অংশগ্রহণকারী আইইআরের তৃতীয় বর্ষের এক ছাত্র জানায়, রাতে তার মোবাইলে ফোন করে থানায় আসতে বলা হয়। ওই ছাত্র জানায়, সে মোবাইল ফোন বন্ধ রাখছে। খুব আতঙ্কের মধ্যে এসব ছাত্র দিন কাটাচ্ছে বলে জানা গেছে।